চাঁদাবাজ–দুর্নীতিবাজদের প্রশ্রয় দিলে দেশ এগোবে না: চরমোনাই পীর



সংগৃহীত ছবি

রূপসায় এক সমাবেশে চরমোনাই পীর মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম বলেছেন, দেশের ভবিষ্যৎ সুরক্ষায় অপরাধী ও লুটেরা চক্রকে আর কোনোভাবেই সহযোগিতা করা যাবে না। ৫ আগস্টের পর দেশ নতুনভাবে দাঁড়ানোর সুযোগ পেয়েছে উল্লেখ করে তিনি বলেন, দুর্নীতিবাজ ও বিদেশে অর্থপাচারকারীদের বিরুদ্ধে জাতিকে ঐক্যবদ্ধ হতে হবে।

মঙ্গলবার (৯ ডিসেম্বর) বিকাল ৩টায় খুলনার রূপসার পালেরহাট মাঠে ইসলামী আন্দোলন বাংলাদেশের উপজেলা শাখা আয়োজিত ওলামা ও সুধী সমাবেশে বক্তব্য দেন ইসলামী আন্দোলনের আমির ও চরমোনাই পীর মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম।

তিনি বলেন, “আমরা এ দেশেরই মানুষ। দেশের উন্নতি–অবনতি আমাদের সবার সঙ্গে জড়িত। মুখে বড় বড় কথা আর ভেতরে ভিন্ন আচরণ করে আর কোনো শক্তি জনগণকে বিভ্রান্ত করতে পারবে না।” তিনি জনগণকে চাঁদাবাজ, খুনি, দুর্নীতিবাজ ও অর্থপাচারকারীদের সহযোগিতা না করার আহ্বান জানান।

চরমোনাই পীর আরও বলেন, ৫ আগস্টের পর দেশ স্বাধীনভাবে এগিয়ে যাওয়ার একটি সুযোগ পেয়েছে। ইসলামের পক্ষে দাঁড়ানোর সম্ভাবনা তৈরি হয়েছে এবং দীর্ঘদিন দেশের ওপর চাপিয়ে দেওয়া দাসত্বের শৃঙ্খল ভাঙার সময় এসেছে। এই সুযোগ নষ্ট হলে ভবিষ্যৎ প্রজন্ম ইতিহাসে এই ব্যর্থতাকে লজ্জাজনক হিসেবে দেখবে বলে তিনি উল্লেখ করেন।

তিনি অভিযোগ করে বলেন, রাজনীতিতে কয়েকটি দলের কাছে জাতি বহুবার জিম্মি হয়েছে। বিএনপি, আওয়ামী লীগ কিংবা জাতীয় পার্টির রাজনীতিতে ইসলামের প্রভাব কোথাও দেখা যায়নি।

সমাবেশ শেষে তিনি ইসলামী আন্দোলনের শান্তির প্রতীক ‘হাতপাখা’ সংগঠনের মহাসচিব হাফেজ মাওলানা ইউনুস আহমদের হাতে তুলে দেন।